স্মারক নং ৭০২৭
তাং ২৮/২/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(ভূমি অধিগ্রহণ শাখা)
বরিশাল
www.barisal.gov.bd

নম্বর: ৩১.১০.০৬০০.১০৯.৪৫.০১৩.২৪. ৫৮

তারিখ : ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

**"গণ-বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০২/২০২৪-২৫ নং এলএ কেসের মাধ্যমে "বৈরাগীরপুল (বরিশাল)-টুমচর-বাউফল (পটুয়াখালী) জেলা মহাসড়ক (জেড-৮৯১০) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় বরিশাল সদর উপজেলাধীন জে.এল ১৩৩ নম্বর চাষীপতাং মৌজার ০.১৮০৭ একর এবং বাকেরগঞ্জ উপজেলার জে.এল. ১০৬ নম্বর স্বল্প দাড়িয়াল মৌজার ০.২৭৬৯ একর মোট ০.৪৫৭৬ একর জমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ ( ২০১৭ সনের ২১ নং আইন) এর ৪(৩)(ক) ও ৪(৩)(খ) ধারামতে যৌথ তদন্তের ফিল্ডবই প্রস্তুত করা হয়েছে। উক্ত যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ী/গাছপালা বা জমির দখল সংক্রান্ত কোন বিষয়ে ক্ষতিগ্রস্ত মালিকের কোন আপত্তি থাকলে আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/জেলা প্রশাসক, বরিশাল মহোদয় বরাবর আবেদন/আপত্তি দাখিল করা যাবে।

AC (Land)
RM
২৮/২/২৫

৩০/১/২০২৫
(সমাপ্তি রায়)
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
বরিশাল
ফোন নম্বর: ০৪৩১-৬৪৪৯৩
ই-মেইল : laobarishal@gmail.com

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল।
০২. জেলা প্রশাসক, বরিশাল ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর/বাকেরগঞ্জ, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৪. ইউনিয়ন ডিজিটাল সেন্টার, চন্দ্রমোহন ইউনিয়ন পরিষদ, বরিশাল সদর, বরিশাল (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৫.ইউনিয়ন ডিজিটাল সেন্টার,দুর্গাপাশা/দাড়িয়াল ইউনিয়ন পরিষদ,বাকেরগঞ্জ,বরিশাল (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চন্দ্রমোহন ইউনিয়ন ইউনিয়ন ভূমি অফিস,বরিশাল সদর, বরিশাল (নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,দুর্গাপাশা/দাড়িয়াল ইউনিয়ন ইউনিয়ন ভূমি অফিস,বাকেরগঞ্জ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৮. সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় প্রকাশের জন্য।